তারিখ 31 JAN 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৬

যুগান্তর

কাপাসিয়ায় ছাত্রলীগের চাপ সৃষ্টি

# ক্লাস বাদ দিয়ে স্কুল শিক্ষার্থীদের যেতে হল সমাবেশে

**কাপাসিয়া প্রতিনিধি**

গাজীপুরের কাপাসিয়ায় শনিবার বাধ্য হয়ে বিভিন্ন হাইস্কুলের শিক্ষার্থীদের ক্লাস বাদ দিয়ে ছাত্রলীগের ৬৮তম প্রতিষ্ঠাবার্ষিকীর সমাবেশে যোগ দিতে হয়েছে। শিক্ষার্থীরা স্কুল ড্রেস পরে বাদ্যযন্ত্র বাজিয়ে ব্যানার নিয়ে সবাই সমাবেশস্থল কাপাসিয়া পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে উপস্থিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন স্থানীয় সংসদ সদস্য সিমিন হোসেন রিমি। জানা যায়, ওই বিদ্যালয় মাঠে বিশাল মঞ্চ ও প্যান্ডেল করে উপজেলা ছাত্রলীগ এ সমাবেশের আয়োজন করে। মঞ্চের ব্যানারে ছিল ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকীর সমাবেশ, কিন্তু উপস্থিতরা অধিকাংশ ছিল হাইস্কুলের শিক্ষার্থী। ফলে উপজেলার মাধ্যমিকের অধিকাংশ বিদ্যালয়ে কোনো ক্লাসই হয়নি। সকালে ছাত্রছাত্রীরা বিদ্যালয়ে উপস্থিত হলেও অঘোষিতভাবে তাদের বাধ্য করা হয় সমাবেশে যোগ দেয়ার জন্য। নাম প্রকাশে অনিচ্ছুক সদরের এক প্রধান শিক্ষক জানান, ক্লাস বন্ধ করে সমাবেশে ছাত্রছাত্রীদের যাওয়ার জন্য চাপ ছিল তাদের ওপর।

উপজেলা ছাত্রলীগ সভাপতি রাজিব ঘোষের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক হিমেল খানের সঞ্চালনায় সমাবেশে প্রধান বক্তা ছিলেন জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক জাহিদুল আলম রবিন, বিশেষ অতিথি কৃষকলীগের কেন্দ্রীয় সভাপতি মোতাহার হোসেন মোল্লা। বক্তব্য রাখেন উপজেলা আ'লীগের সভাপতি মুহম্মদ শহীদুল্লাহ, সাধারণ সম্পাদক মিজানুর রহমান, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট রেজাউর রহমান লস্কর মিঠু, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আসাদুজ্জামান, উপজেলা যুবলীগ সভাপতি মাহবুব উদ্দিন সেলিম প্রমুখ।